



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা ও আহরণ সংক্রান্ত কারিগরি নির্দেশমালা, ২০২৩

মে ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা ও আহরণ সংক্রান্ত কারিগরি নির্দেশমালা, ২০২৩

মে ২০২৩

সামুদ্রিক মৎস্য (Marine Fisheries) আইন, ২০২০-এর ধারা ৬২-এর ক্ষমতাবলে প্রণীত সামুদ্রিক মৎস্য বিধিমালা, ২০২৩ এর বিধি ৩১-তে প্রদত্ত ক্ষমতাবলে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর নিম্নরূপ নির্দেশমালা (Guidelines) প্রনয়ণ করিল, যথা:-

১। শিরোনাম ও প্রযোজ্যতা:

- (১) ইহা ‘সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা ও আহরণ সংক্রান্ত কারিগরি নির্দেশমালা, ২০২৩’ নামে অবিহিত হইবে।
- (২) ইহা অবিলম্বে প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা:

(১) বিষয় অথবা প্রসংগের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নির্দেশমালায়,—

- (ক) “আইন” অর্থ সামুদ্রিক মৎস্য (Marine Fisheries) আইন, ২০২০;
- (খ) “ইলেকট্রনিক চার্ট প্লটার (Electronic Chart Plotter)” অর্থ বিশেষ সফটওয়্যার সম্বলিত কম্পিউটার বা কম্পিউটারের অনুরূপ মেরিন ডিভাইসকে বুঝাইবে যাহা ইলেকট্রনিক নটিক্যাল চার্ট, GPS, AIS, র‍্যাডার, ইকো-সাউন্ডার ইত্যাদির সমন্বয়ে একটি মৎস্য নৌযানকে চলাচলে সহায়তা প্রদান করিয়া থাকে;
- (গ) “জিও ফেন্স (Geo-Fence)” অর্থ এমন সকল ভৌগোলিক বা কাল্পনিক বা ভার্চুয়াল সীমা রেখাকে বুঝাইবে যাহা অতিক্রম করিলে বিশেষ পর্যবেক্ষণ ব্যবস্থা দ্বারা স্বয়ংক্রিয়ভাবে অতিক্রম করিবার ঘটনা বা অতিক্রমকারী মৎস্য নৌযানকে সনাক্ত করা সম্ভব হইবে।
- (ঘ) “জিপিএস ডাটা লগার” অর্থ বহনযোগ্য এমন ইলেকট্রনিক ডিভাইস বা যন্ত্রকে বুঝাইবে যাহা GPS বা অনুরূপ স্যাটেলাইট সিগনাল হইতে প্রাপ্ত নৌযানের অবস্থান, বেগ (velocity), গতির দিক (heading) ইত্যাদি তথ্য স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত বিরতিতে সংরক্ষণ করিয়া রাখিতে পারে;
- (ঙ) “টোপ” অর্থ বড়শি দ্বারা মৎস্য আহরণ করিবার সময় আহরিতব্য মৎস্যকে আকর্ষণ করিবার জন্য ব্যবহৃত জীবিত বা মৃত মৎস্য খাদ্য;
- (চ) “নীতিমালা” অর্থ সামুদ্রিক মৎস্য আহরণ নীতিমালা, ২০২২;
- (জ) “পর্যবেক্ষক (observer)” অর্থ স্বাধীনভাবে বৈজ্ঞানিক তথ্যাদি সংগ্রহ বা পরিবীক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে মৎস্য আহরণ কার্যক্রম পর্যবেক্ষণের জন্য মৎস্য নৌযানে অবস্থানরত কোন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ;
- (ঝ) “পরিচালক” অর্থ মৎস্য অধিদপ্তরের অধীন সামুদ্রিক মৎস্য দপ্তরের পরিচালক;
- (ঞ) “বাণিজ্যিক ট্রলার” অর্থ ট্রলিং বা লং লাইনিং বা পার্সেইনিং পদ্ধতিতে মৎস্য আহরণে সক্ষম মৎস্য নৌযান;
- (ট) “বিধি” অর্থ সামুদ্রিক মৎস্য বিধিমালা, ২০২৩;
- (ঠ) “বড়শি” অর্থ মৎস্য আহরণের জন্য ব্যবহৃত ধাতু নির্মিত মৎস্য আহরণ সরঞ্জাম যাহাতে টোপ ব্যবহার করিয়া মৎস্য আহরণ করা হয়;
- (ড) “মহাপরিচালক” অর্থ মহাপরিচালক মৎস্য অধিদপ্তর;
- (ঢ) “AIS (Automatic Identification System)” অর্থ মৎস্য নৌযানের অবস্থান, গতি ও গতিবিধি পর্যবেক্ষণের জন্য মৎস্য নৌযানে স্থাপিত এমন সকল যন্ত্র ও যান্ত্রিক ব্যবস্থাকে বুঝাইবে যাহা সংশ্লিষ্ট নৌযানের অবস্থানের তথ্য বিশেষ বেতার তরঙ্গ সার্বক্ষণিক সম্প্রচার ও গ্রহণ করিয়া থাকে যাহাতে নিকটবর্তী অপর AIS বহনকারী নৌযানসমূহ পরস্পরকে সনাক্ত করিতে সক্ষম হয়;
- (ণ) GSM (Global System for Mobile) অর্থ মৎস্য নৌযানের অবস্থান, গতি ও গতিবিধি পর্যবেক্ষণের জন্য মৎস্য নৌযানে স্থাপিত বিশেষ ধরনের যন্ত্র ও যান্ত্রিক ব্যবস্থাকে বুঝাইবে যাহা সাধারণত মোবাইল নেটওয়ার্ক, GSM কমিউনিকেশন বা অন্য কোনো যোগাযোগ মাধ্যমে নৌযানের অবস্থানের তথ্য নির্ধারিত নিয়ন্ত্রণ কেন্দ্রে নিয়মিত বিরতিতে প্রেরণ করিবে;
- (ত) “VMS (Vessel Monitoring System)” অর্থ মৎস্য নৌযানের অবস্থান, গতি ও গতিবিধি পর্যবেক্ষণের জন্য মৎস্য নৌযানে স্থাপিত বিশেষ ধরনের যন্ত্র ও যান্ত্রিক ব্যবস্থাকে বুঝাইবে যাহা সাধারণত কৃত্রিম উপগ্রহ বা অন্য কোনো যোগাযোগ মাধ্যমে জাহাজের অবস্থানের তথ্য নির্ধারিত নিয়ন্ত্রণ কেন্দ্রে নিয়মিত বিরতিতে প্রেরণ করিবে;